



নং ৩৭.০৭.০০০০.০০৮.৪০.৯৫৬.২৩-০৭৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

### ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার, আসবাবপত্র সরবরাহ ইত্যাদি পূর্ত/সরবরাহ কাজ বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ মোতাবেক অনধিক ৩(তিন) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্য এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে দরপত্র প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্ত করা হবে।

২.০ আগামী ১৫/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় মোট ০২ (দুই)টি ক্যাটাগরিতে (এ-১ ও এ-২) ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অতীতে সম্পাদিত কার্য ক্রয়ের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান এ অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে ঠিকাদার তালিকাভুক্তির আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। তালিকাভুক্তির আবেদন ফরম ক্রয়ের সময় ঠিকাদারের মূল প্যাডে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে আয়কর, ভ্যাট ও ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

১।	মন্ত্রণালয়/ বিভাগ	:	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়
২।	সংস্থা	:	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৩।	আবেদন ফরমের মূল্য	:	১০০০.০০ (একহাজার) টাকা নগদ (অফেরতযোগ্য)
৪।	আবেদনপত্র দাখিল	:	আবেদনপত্র প্রধান প্রকৌশলী বরাবর দাখিল করতে হবে
৫।	আবেদন পত্র প্রাপ্তির স্থান	:	উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৬।	যে তারিখ হতে আবেদনপত্র গ্রহণ করা যাবে	:	১৫/০৭/২০২৪খ্রি.
৭।	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ	:	৩০/১০/২০২৪খ্রি.

#### শর্তাবলী:

- ২.০ আবেদনকারীকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক যাচিত কাগজপত্রের সত্যায়িত ছায়াছবি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:
- হালনাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ছায়াছবি;
  - হালনাগাদ নবায়নকৃত ই-টিন (আয়কর সনদ) এর সত্যায়িত ছায়াছবি;
  - ভ্যাট রেজিস্ট্রেশনের সত্যায়িত ছায়াছবি;
  - জাতীয় পরিচয়পত্রের ছায়াছবি;
  - এ-১ শ্রেণির ক্ষেত্রে গত ১০ বছরে সম্পাদিত কাজের মূল্যসহ কার্য সমাপ্তির সনদ (বছরের ক্রমানুসারে দিতে হবে);
  - ব্যাংক লেনদেনের বিবরণীর (কমপক্ষে ১ দিনের ২০.০০ লক্ষ টাকার স্থিতিসহ) ছায়াছবি (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হতে);
  - প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি;
  - তালিকাভুক্তি বই এর ছায়াছবি (পূর্বের যদি থাকে);
  - আবেদনকারীর স্থায়ী ঠিকানা ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক প্রত্যয়নপত্রসহ ক্রয়কারীর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোন কর্মচারীর উপর বিধি-নিষেধ আরোপ করা হয়নি মর্মে আইনগত সক্ষমতার সমর্থনে হলফ নামা (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিক কর্তৃক);
  - বৈদ্যুতিক কাজের ক্ষেত্রে এবিসি লাইসেন্স এর সত্যায়িত ছায়াছবি। যদি কারো এবিসি লাইসেন্স না থাকে তবে এবিসি লাইসেন্স রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে এ মর্মে চুক্তিপত্র (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প) গ্রহণ করতে হবে যে সংশ্লিষ্ট কাজে বিবরণ বা স্পেসিফিকেশনের কোনরূপ মানের ত্রুটির জন্য একক বা যৌথভাবে দায়ী থাকবেন;
  - ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প) ঘোষণা পত্র ;
  - প্রতিষ্ঠানে নিযুক্ত কারিগরি এবং প্রশাসনিক জনবলের ছবিসহ জীবন বৃত্তান্ত ;
  - যন্ত্রপাতির তালিকার ছায়াছবি।

৩.০ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ দেলোয়ার হোসেন মজুমদার)

প্রধান প্রকৌশলী

*(Signature)*